



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd



স্মারক নং- ৫৭.১৬.০০০০.০০৬.৩২.০০১.২০-৪৩৪

তারিখঃ ৩০/০৮/২০২৬ খ্রি.

জরুরি বিজ্ঞপ্তি

বিষয়ঃ ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে দাখিল ৯ম শ্রেণির (দাখিল পরীক্ষা-২০২৮) রেজিস্ট্রেশন সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা অত্র বোর্ডের আওতাধীন স্বীকৃতিপ্রাপ্ত ও পাঠদানের অনুমতিপ্রাপ্ত দাখিল/আলিম এবং আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত ফায়িল/কামিল পর্যায়ের মাদ্রাসার অধ্যক্ষ/সুপারসহ সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, দাখিল ৯ম শ্রেণিতে ভর্তি ও অধ্যয়নরত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন প্রক্রিয়া নিম্নেবর্ণিত নির্দেশনাবলি অনুসরণপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে e-SIF পদ্ধতিতে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।

নির্দেশাবলি

০১. ৮ম শ্রেণির বার্ষিক পরীক্ষায় উত্তীর্ণ ও রেজিস্ট্রেশনধারী শিক্ষার্থীরা অবশ্যই ৯ম শ্রেণিতে ভর্তি হবার সুযোগ পাবে। ৬ষ্ঠ শ্রেণির রেজিস্ট্রেশনের তথ্য অনুযায়ী টটালিস্ট প্রস্তুত করতে হবে এবং প্রস্তুতকৃত টটালিস্ট অনুযায়ী অনলাইনে তথ্য এন্ট্রি দেয়ার সময় ৬ষ্ঠ শ্রেণি পাশের সাল, রেজিস্ট্রেশন নম্বর, শিক্ষা বোর্ড সঠিক ভাবে সিলেক্ট করতে হবে। অন্যথায় ভুল শিক্ষার্থীর তথ্য এন্ট্রি হয়ে থাকলে তার দায়-দায়িত্ব মাদ্রাসা প্রধানকে বহন করতে হবে।
০২. যে সকল শিক্ষার্থী ৬ষ্ঠ, ৮ম শ্রেণিতে রেজিস্ট্রেশন করার সুযোগ পায়নি সে সকল শিক্ষার্থী প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে আবেদন, জন্মনিবন্ধন কার্ডের ফটোকপি, টি.টি. লিট, ছবি, ২৪১ টাকা ব্যাংক ড্রপট করে সরাসরি ৯ম শ্রেণিতে রেজিস্ট্রেশন করতে পারবেন। উল্লেখ্য যে, উক্ত কাগজপত্র সরাসরি বোর্ডে রেজিস্ট্রেশন শাখা হতে যাচাই করে কাউন্টারে ব্যাংক ড্রপট জমা প্রদান করে রেজিস্ট্রার মহোদয়ের দপ্তরে জমা প্রদান করবেন।
০৩. শিক্ষার্থীর বয়স ১লা জানুয়ারি তারিখে ১২ বছর পূর্ণ না হলে এবং ২০ বছরের অধিক হলে কোন শিক্ষার্থী দাখিল নবম শ্রেণিতে ভর্তি ও রেজিস্ট্রেশন হতে পারবে না। তবে বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীদের ক্ষেত্রে দাখিল পরীক্ষার রেজিস্ট্রেশনের বয়স-সীমা ১২ থেকে ২৩ বছর পর্যন্ত।
০৪. বোর্ড কর্তৃক সরবরাহকৃত প্রতিষ্ঠানের EIIN ভিত্তিক মোবাইল সিম ব্যবহার করে প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করতে হবে।
০৫. অনলাইনে শিক্ষার্থীর তথ্য এন্ট্রি দেয়ার সময় অবশ্যই তার ব্যক্তিগত (যদি থাকে) মোবাইল নম্বর অথবা অভিভাবকের মোবাইল নম্বর ইনপুট দিতে হবে। একটি মোবাইল নম্বর দিয়ে শুধুমাত্র একজন শিক্ষার্থীরই রেজিস্ট্রেশন করা যাবে।
০৬. অনলাইনে ফি জমাদান ও e-SIF Submission এর সময় সূচীঃ

ক্রমিক	বিষয়	তারিখ
ক)	অনলাইনে রেজিস্ট্রেশন ফি জমা	১৩/০৯/২০২৬ থেকে ২৭/০৯/২০২৬ পর্যন্ত
	অনলাইনে রেজিস্ট্রেশন ফি জমা (বিলম্বসহ)	২৮/০৯/২০২৬ থেকে ১১/১০/২০২৬ পর্যন্ত
খ)	তথ্য (eSIF) এন্ট্রির সর্বশেষ তারিখ	১৩/১০/২০২৬ পর্যন্ত
গ)	পূরণকৃত e-SIF Final Submission সর্বশেষ তারিখ	১৫/১০/২০২৬ পর্যন্ত

০৭. ফি প্রদান ও e-SIF পূরণঃ

- (ক) যে কোন ব্রাউজার হতে সরাসরি www.ebmeb.gov.bd প্রবেশ করে প্রতিষ্ঠানের EIIN ও Entry Password দিয়ে লগইন (Login) করলে পেমেণ্ট অপশনে ক্লিক করে শিক্ষার্থী সংখ্যা এন্ট্রি দিয়ে সোনালী পেমেণ্ট গেটওয়ের মাধ্যমে রেজিস্ট্রেশন ফি প্রদান করতে হবে।
- (খ) রেজিস্ট্রেশন ফি সিস্টেমে জমা হওয়ার পরই কেবলমাত্র শিক্ষার্থীর তথ্য আপলোডের জন্য নতুন এন্ট্রির অপশন পাওয়া যাবে। এন্ট্রিকৃত শিক্ষার্থীদের পূর্ণাঙ্গ তথ্যের তালিকার প্রিন্ট আউট নিয়ে ভালভাবে তথ্য যাচাই বাছাই করতে হবে। যাচাই বাছাইয়ে ভুল ধরা পড়লে লিস্টের Edit অপশনে ক্লিক করে তথ্য সংশোধন করতে পারবে।

০৮. রেজিস্ট্রেশন ফি-এর হার (শিক্ষার্থী প্রতি) নিম্নরূপঃ

ক্রমিক	বিবরণ	ফি এর হার
ক	রেজিস্ট্রেশন ফি	১০০.০০ টাকা
খ	ক্রীড়া ফি	৫০.০০ টাকা
গ	বয়স্কাউট/ গার্লস গাইড ফি	১৫.০০ টাকা
ঘ	বিজ্ঞান ও প্রযুক্তি উন্নয়ন ফি	০৫.০০ টাকা
ঙ	অন্ধকল্যাণ তহবিল ফি	০৫.০০ টাকা
চ	রেড ক্রিসেন্ট ফি	১৬.০০ টাকা
ছ	বিলম্ব ফি ব্যতিত মোট ফি	১৯১.০০ টাকা
জ	বিলম্ব ফি	৫০.০০ টাকা (প্রযোজ্য ক্ষেত্রে)
ঝ	বিলম্ব ফি সহ মোট ফি	২৪১.০০ টাকা
ঞ	মাদ্রাসা প্রতি ফি	১০০.০০ টাকা

বিঃ দ্রষ্ট শিক্ষা মন্ত্রণালয়ের ১৭/১২/২০২০ তারিখের ৩৭.০০.০০০০.০৭২.৪৪.০২২.১৭.৪৩৬ স্মারক মোতাবেক ৮ম শ্রেণির রেজিস্ট্রেশন কার্যক্রমের সময় শিক্ষার্থীদের কাছ থেকে ৯ম ও ১০ম শ্রেণিতে আদায়কৃত মোট রেডক্রিসেন্ট ফি (২০+২০)=৪০ (চল্লিশ) টাকার ৬০% অর্থাৎ ২৪/- (চব্বিশ) টাকা নিজ প্রতিষ্ঠানে (আলাদা রেড ক্রিসেন্ট হিসাব একাউন্টে) যুব রেড ক্রিসেন্ট কার্যক্রম পরিচালনার জন্য সংরক্ষণ করবে। অবশিষ্ট ৪০% অর্থাৎ ১৬/- (ষোল) টাকা মাদ্রাসা শিক্ষা বোর্ডে প্রদান করতে হবে। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান ৯ম শ্রেণিতে ভর্তির সময় প্রতি শিক্ষাবর্ষে ২০/- (বিশ) টাকা হারে রেড ক্রিসেন্ট ফি সংগ্রহ করবে এবং ৯ম শ্রেণিতে রেজিস্ট্রেশনের সময় একত্রিত ও সমন্বয় করে নিজস্ব একাউন্টে সংরক্ষণ ও মাদ্রাসা বোর্ড বোর্ডকে প্রদান করবে।

(Signature)



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd



পাতা-২

০৯. শিক্ষার্থীর সকল তথ্য নিশ্চিত হয়ে ডাটা এন্ট্রি করতে হবে। উল্লিখিত তারিখের মধ্যে শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন সম্পাদন করতে ব্যর্থ হলে এর দায়-দায়িত্ব প্রতিষ্ঠান প্রধানকে বহন করতে হবে।
১০. কোন অবস্থাতেই বোর্ড কর্তৃক অনুমোদিত অনলাইন ই-টিসি ব্যতীত কোন শিক্ষার্থীকে ম্যানুয়াল ছাড়পত্র (টিসি) দেয়া যাবে না।
১১. একাধিক গ্রুপ/বিভাগের জন্য একই সাথে ফি প্রদান করা যাবে। কিন্তু টটলিস্ট গ্রুপ/বিভাগওয়ারী আলাদা হতে হবে তথ্য এন্ট্রির সুবিদার্থে।
১২. বোর্ড কর্তৃক পাঠদানের অনুমতি ও স্বীকৃতি বিহীন/হালনাগাদ স্বীকৃতি নবায়ন নেই এ ধরনের কোন প্রতিষ্ঠান অনলাইনে রেজিস্ট্রেশন করলে পরবর্তীতে রেজিস্ট্রেশন/পরীক্ষা সংক্রান্ত বিষয়ে কোন জটিলতা সৃষ্টি হলে অত্র বোর্ড দায়ী থাকিবে না।
১৩. বাংলাদেশ স্কাউটস, ঢাকা অঞ্চলের ১৬-০৩-২০১০ তারিখের স্মারক নং- বাঃ স্কাঃ ঢাঃ অঃ/৭৬৪৮(৬)/১০ এর প্রেক্ষিতে (বিশ্ব স্কাউট সংস্থার) মেম্বারশীপ ফি মাদ্রাসা প্রতি ২৩০.০০ (দুইশত ত্রিশ) টাকা সংস্থার সংশ্লিষ্ট আঞ্চলিকে জমা দিতে হবে।
১৪. যে সকল মাদ্রাসায় বিভাগ বা বিষয় খোলার অনুমতি নেই সে সকল মাদ্রাসার শিক্ষার্থীরা সংশ্লিষ্ট বিষয় নিতে পারবে না।
১৫. বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীদের ক্ষেত্রে 'বিশেষ চাহিদা সম্পন্ন কি না' তা উল্লেখ করতে হবে এবং প্রমাণ স্বরূপ সমাজসেবা অধিদপ্তরের অনলাইন ডাটাবেজ নিবন্ধন পূর্বক তাদের কর্তৃক প্রদত্ত সনদ সংযুক্ত করতে হবে।
১৬. শুধুমাত্র রেজিস্ট্রেশন ফি প্রদান ও eSIF সাবমিট সংক্রান্ত সমস্যার সমাধানের জন্য অফিস সময়ের মধ্যে প্রতিষ্ঠানের EIIN ভিত্তিক সিম নম্বর দিয়ে ০১৭১৩-০৬৮৯০৯/০১৮২৪-৬০৬৬৫৪ যোগাযোগ করতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

প্রফেসর এস.এম.তৌহিদুজ্জামান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড,
ফোনঃ ০২-৫৮৬১০২০০

ই-মেইল: registrar@bmeb.gov.bd
তারিখঃ ৩০/০৮/২০২৬ খ্রিঃ

স্মারক নং- ৫৭.১৬.০০০০.০০৬.৩২.০০১.২০-৪৩৪

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি বিতরণঃ

১. পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড,
২. প্রকাশনা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড,
৩. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা পরিদপ্তর, ময়মনসিংহ/চট্টগ্রাম/কুমিল্লা/সিলেট/রাজশাহী/রংপুর/খুলনা ও বরিশাল অঞ্চল;
৪. পরামর্শক, কম্পিউটার কেন্দ্র (চুক্তিভিত্তিক), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড,
৫. প্রোগ্রামার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েবসাইটে প্রচারের জন্য অনুরোধ করা হলো);
৬. হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড,
৭. সহকারী পরিদর্শক, ময়মনসিংহ/চট্টগ্রাম/কুমিল্লা/সিলেট/রাজশাহী/রংপুর/খুলনা ও বরিশাল অঞ্চল;
৮. পি.ও.টু চেয়ারম্যান (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড,
৯. পি.এ.টু পরিদর্শক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড,
১০. অফিস কপি।

মো: জিয়াউর রহমান

উপ-রেজিস্ট্রার (কমন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড,

ফোনঃ ০২২২৩৩৬৭০১৬

ই-মেইল: drcommon@bmeb.gov.bd